


2015

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 80

Time : 3 hours



*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশ অনুসারে অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে নবকুমারের বোনের নাম কী ?

(খ) "ওমা, একি সর্বনাশ! আমার দুধের বাছাকে কি কেউ বিষ্ টিষ খাইয়ে দিয়েছে না কি?" এখানে 'দুধের বাছা' কে ?

(গ) "ও বলাইবাবু, তুমি কেমন সাকী হে?" 'সাকী' শব্দের অর্থ কী ?

(ঘ) নবকুমারদের গৃহভৃত্যের নাম কী ছিল ?

(ঙ) "জ্ঞানতরঙ্গিনী সভাতে এই রকম জ্ঞানই হয়ে থাকে।" এ কার উক্তি ?

(চ) 'প্রায়শ্চিত্ত' নাটকে রামচন্দ্রের সেনাপতি কে ছিলেন ?

(ছ) উদয়াদিত্যের পত্নীর নাম কী ?

(জ) ধনঞ্জয় বৈরাগী কোথায় থাকতেন ?

(ঝ) "একটি বয়েত আছে—তলোয়ারে শত্রুকে জয় করা যায়, কিন্তু সংগীতে শত্রুকে মিত্র করা যায়।" উক্তিটি কার ?

(ঞ) প্রতাপাদিত্যের কন্যার নাম কী ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে জ্ঞানতরঙ্গিনী সভার সদস্যদের পরিচয় পাওয়া যায়। তাদের মধ্যে যে কোনো দুজন সদস্যের নাম উল্লেখ করো।

(খ) "আরে ও সব লক্ষ্মীছাড়া বই কি আমি কখন খুলি না পড়ি, যে মনে থাকবে।" এখানে 'লক্ষ্মীছাড়া বই' বলতে কোন দুটি বইয়ের কথা বলা হয়েছে ?

(গ) "হাঁ, রাজার ঘরে উত্তরাধিকারীই জন্মায়, পুত্র জন্মায় না।" কে, কাকে এই কথাটি বলেছিলেন ?

(ঘ) "আমি তো শুনেছি, তোমার ব্রাহ্মণী বড়োই শান্তস্বভাবা, ঘরকন্মায় বিশেষ পটু।" উক্তিটি কার ? 'ব্রাহ্মণী' কে ?

(ঙ) "আমার কেবলই ভয় হয়, তোমাকে যদি হারাই তা হলে—" উক্তিটি কে, কার উদ্দেশে করেছিলেন ?

- ৩। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের
উত্তর দাও : ৫×৪=২০

ক—গুচ্ছ

- (ক) জ্ঞানতরঙ্গিনী সভায় অনুষ্ঠিত কার্যকলাপের পরিচয়
তুলে ধরো।
- (খ) সিকদার পাড়ার গলিতে বাবাজীর যে বিচিত্র অভিজ্ঞতা
হয়েছিল তা বর্ণনা করো।
- (গ) কর্তা মহাশয়ের সঙ্গে কালীনাথের কথোপকথনের দৃশ্যটি
পরিষ্কৃত করো।

খ—গুচ্ছ

- (ক) “মানুষের মনে যখন সুর লাগে না তখন কার সাধ্য
তাকে বাজায়।” প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।
- (খ) “সব রাজত্বটাই কি রাজার? অর্ধেক রাজত্ব প্রজার নয়
তো কী? চাহিতে দোষ নেই রে। চেয়ে দেবিস।”
উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) উদয়াদিত্যকে কেন কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছিল?
তাকে কারাগার থেকে কে এবং কীভাবে উদ্ধার
করেছিলেন?

- 8। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের উত্তর দাও :

10×8=80

ক—গুচ্ছ

- (ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনের সংলাপ প্রয়োগে মধুসূদন দত্তের পারদর্শিতা বিচার করো।
- (খ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনের নবকুমার চরিত্রটি বিশ্লেষণ করো।
- (গ) 'একেই কি বলে সভ্যতা' রচনাটিকে প্রহসন হিসাবে অভিহিত করা যায় কিনা তা আলোচনা করো।
- (ঘ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে 'ইয়ং বেঙ্গল' শ্রেণির নৈতিক অধঃপতন, উচ্ছৃঙ্খল আচরণ এবং চারিত্রিক স্বলনের যে বাস্তব চিত্র ফুটে উঠেছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

খ—গুচ্ছ

- (ক) 'প্রায়শ্চিত্ত' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।
- (খ) 'প্রায়শ্চিত্ত' নাটকের প্রতাপাদিত্য চরিত্রটি বিশ্লেষণ করো।
- (গ) "স্বামীর গর্ব যে স্ত্রীলোকের ভেঙেছে, জীবন তার পক্ষে বোঝা, বিশেষত বিভার মতো মেয়ে।" উক্তিটির আলোকে বিভার জীবন-বিড়ম্বনার স্বরূপটি পরিস্ফুট করো।
- (ঘ) 'প্রায়শ্চিত্ত' নাটকের অন্তর্গত সুরমার চরিত্রটি আলোচনা করো।
